

আশাকে গাড়ি

স্টাফ রিপোর্টার: পুনেতে এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে রূপোজয়ী আশা রায়কে গাড়ি দিয়ে সংবর্ধনা দিল হিন্দুস্তান মোটরস। মঙ্গলবার এই সংস্থার তৈরি অ্যান্সাস্যাডার গাড়ির নতুন একটি মডেল উদ্বোধন করেন পরিবহণমন্ত্রী মদন মিত্র। এই সংবর্ধনায় স্বভাবতই উৎফুল্ল আশা। সিঙ্গুরের প্রত্যন্ত গ্রাম থেকে জাতীয় মঞ্চে এভাবে জায়গা করে নেওয়ারই স্বীকৃতি বলে মনে করছেন তিনি। তবে পরিকাঠামো উন্নত থাকলে সাফল্য যে অনায়াস আসে তা মনে করেন না তিনি। অন্যদিকে, সরকারের পক্ষ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় আগামী ২৮ সেপ্টেম্বর প্রায় ৬০০০ ক্রীড়াবিদকে নগদ টাকা তুলে দেবেন বলে জানিয়েছেন মদনবাবু। হিন্দুস্তান মোটরসের এই পরিবেশবান্ধব গাড়িগুলি মূলত 'নোরিফিউজাল' ট্যাক্সি হিসাবে কাজ করবে।